পশ্চিমবঙ্গ সরকার

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং

কলকাতা-৭০০ ০০১

---

নং : ৬৬৬৬(৩৭)-আর.ডি.(এস.জি.এস.ওয়াই)/২০এম-১৩/২০০৫ তারিখ : ২১/১১/২০০৫

প্রেরক : ডঃ মানবেন্দ্র নাথ রায়, আই.এ.এস
সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক : (১) সভাধিপতি -------------------------- জেলা পরিষদ/মহকুমা পরিষদ

(২) জেলা শাসক --------------------------

(৩) প্রধান সচিব, দার্জ্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ

বিষয় : *স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা এবং স্ব-নির্ভর দল (এস.এইচ.জি সম্পর্কিত) অন্যান্য যোজনা রূপায়ণে গ্রামপঞ্চায়েতের ভূমিকা*

মহাশয় / মহাশয়া,

আমাদের রাজ্যে স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা কর্মসূচী রূপায়ণের শুরু থেকেই গ্রামপঞ্চায়েতগুলি গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে আসছে । সম্প্রতি এই বিভাগের গোচরে এসেছে যে বিভিন্ন জেলায় এই দায়িত্ব সমানভাবে পালিত হচ্ছে না । সেইজন্য এই বিভাগ মনে করে যে এই রাজ্যে স্ব-নির্ভর দলগুলির আন্দোলনের পৃষ্ঠপোষকতার স্বার্থে স্ব-নির্ভর দলগঠন, তাদের দক্ষতা বৃদ্ধির জন্য অন্যান্য স্তরগুলির পাশাপাশি গ্রামপঞ্চায়েত স্তরে করনীয় বিষয়গুলি সম্পর্কিত একটি নির্দ্দেশিকা প্রণয়ন করা দরকার ।

উল্লিখিত বিষয়টির পরিপ্রেক্ষিতে গ্রামপঞ্চায়েতগুলি স্বর্ণজয়ন্তী গ্রাম স্ব-রোজগার যোজনা রূপায়ণের জন্য নিম্নলিখিত কাজগুলি করবেন :

**১. গ্রামপঞ্চায়েত এলাকায় স্ব-নির্ভর দলের তালিকা পরিসংখ্যান (ডাটাবেস) তৈয়ারী করা :**

ডি.আর.ডি. সেলগুলিকে ইতিমধ্যেই এইরূপ পরিসংখ্যান (ডাটাবেজ) তৈয়ারী করার জন্য সফ্‌টওয়্যার সরবরাহ করা হয়েছে এবং কিছু কিছু ডি.আর.ডি.সেল ইতিমধ্যেই স্বর্ণজয়ন্তী স্ব-রোজগার যোজনার অন্তর্গত স্ব-নির্ভর দলের বিবরনীগুলি সংকলন করা শুরু করে দিয়েছেন । সফ্‌টওয়্যারে অন্তর্ভূক্ত তথ্যগুলি একটি আদল হিসাবে রূপান্তরিত করে সংশ্লিষ্ট গ্রামপঞ্চায়েত গুলিকে দিয়ে দিতে হবে যাতে তারা প্রয়োজনীয় ডাটাবেজ প্রস্তুত করতে এবং এবং সেগুলিকে হালনাগাদ (update)করতে পারেন । গ্রামপঞ্চায়েতের তথ্যগুলি পঞ্চায়েত সমিতি এবং ডি.আর.ডি.সেলের নিজস্ব ডাটাবেজ হালনাগাদ করনের জন্য নিয়মিতভাবে পাঠিয়ে দিতে হবে । গ্রামপঞ্চায়েত গুলিকে স্বর্ণজয়ন্তী গ্রাম স্ব-রোজগার যোজনার স্ব-নির্ভর দলগুলির পাশাপাশি অন্যান্য স্ব-নির্ভর দলগুলির তথ্য সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব

দিতে হবে যাতে গ্রামপঞ্চায়েতগুলিতে প্রাপ্ত সমস্ত স্ব-নির্ভর দলের দক্ষতা বৃদ্ধির প্রয়োজন নিরূপন সহ অন্যান্য প্রয়োজনগুলিকে যথাযথভাবে পরিমাপ করে সেগুলি পরিপূরনের ব্যবস্থা করা যায় । ডি.আর.ডি.সেলগুলি গ্রামপঞ্চায়েতগুলিকে স্ব-নির্ভর দলের ডাটাসিট বিষয়ে পরিচিত করার জন্য ব্লক ভিত্তিক প্রাথমিক ধারনা তৈরী করার (ওরিয়েন্টশন) কর্মসূচী এমনভাবে প্রণয়ন করে রূপায়ণ করবেন যাতে সেই কর্মসূচী একটি নির্দ্দিষ্ট সময় সীমার মধ্যে সম্পন্ন করা যায় ।

**২. গ্রামপঞ্চায়েতের অভ্যন্তরে স্ব-নির্ভর দলগঠনে সহায়তা :**

গ্রামপঞ্চায়েতগুলি ইতিমধ্যেই এই কাজ করে যাচ্ছেন যদিও তাদের বর্তমান কাজের সীমারেখা প্রধানত চলতি বি.পি.এল তালিকায় সক্ষম মানুষজনদের চিহ্নিত করে ব্লকস্তরে সহায়ক আধিকারিকবৃন্দের উপস্থিতিতে স্বর্ণজয়ন্তী গ্রাম স্ব-রোজগার যোজনায় প্রাপ্য সুফলগুলিকে বর্ননা করার জন্য আয়োজিত সভায় ডেকে আনার মধ্যেই সীমাবদ্ধ রয়েছে । এখন থেকে যে সমস্ত গ্রামপঞ্চায়েতে স্ব-নির্ভর দলের সংঘ (ক্লাষ্টার) গঠন করা হয় নি সেইসব গ্রামপঞ্চায়েতের কর্মীবর্গ বিশেষ করে সদস্যবৃন্দ এবং নারী ও শিশু উন্নয়ন উপসমিতির সঞ্চালকদের স্ব-নির্ভর দলগঠন এবং তাদের তদারকির ভার ৫ম অনুচ্ছেদে বর্ণিত গ্রাম পঞ্চায়েত স্তরের সহায়ক দলের সহায়তা নিয়ে যতটা সম্ভব করতে হবে। যে সমস্ত গ্রামপঞ্চায়েতে স্ব-নির্ভর দলের সংঘ (ক্লাষ্টার) গঠন করা হয়ে গেছে যেখানে এই কাজ সংঘ গুলিকেই দেওয়া হবে এবং নারী ও শিশু উন্নয়ন উপসমিতির সংঘের নেতা/নেত্রী এবং স্ব-নির্ভর দলের নেতা/নেত্রীদের নিয়ে মাসিক সভা করে পরবর্তী অনুচ্ছেদগুলিতে যেমন বলা হয়েছে সেইভাবে স্ব-নির্ভর দলগঠনের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করবেন ।

**৩. গ্রামপঞ্চায়েত স্তরে স্ব-নির্ভর দলের মাসিক সভা :**

প্রতি মাসের চতুর্থ শনিবারে স্ব-নির্ভর দলের একটি সভা করা হবে (যদি এই দিনটি ছুটির দিন হয় তবে পরবর্তী কাজের দিনে এই সভা করতে হবে) এবং এই সভায় সমস্ত স্ব-নির্ভর দল এবং গুচ্ছদলের নেতা/নেত্রীদের যোগ দিতে বলতে হবে । তবে জেলাগুলি যদি অন্য কোন দিন সুবিধাজনক বলে মনে করেন তবে সেই দিনেও এই সভা করা যাবে । যেহেতু জনস্বাস্থ্য সম্পর্কিত মাসিক সভা এই দিনটিতেই হয়ে থাকে তাই দুটি সভাই একদিনে করার সুবিধার জন্য দিনটিকে নির্বাচন করা হয়েছে । নিম্নলিখিত বিষয়গুলি মাসিক সভায় আলোচনা করতে হবে :

ক : এই মাসে স্ব-নির্ভর দলগুলি কয়টি সভা করেছে ;
খ : এই মাসে স্ব-নির্ভর দলগুলির সঞ্চয়ের পরিমান কত ;
গ : সদস্যদের মধ্যে ধার দেওয়া বাবদ কত খরচ করা হয়েছে ;
ঘ : ক্যাশ-ক্রেডিট সুবিধা পাওয়ার ক্ষেত্রে স্ব-নির্ভর দলগুলি কি কি অসুবিধার সম্মুখীন হচ্ছে ;
ঙ : স্ব-নির্ভর দলগুলি সঞ্চয় মূলধন গঠনের কোনরূপ অর্থনৈতিক অসুবিধার (যদি কিছু থাকে) সম্মুখীন হচ্ছে কি না ?
চ : স্ব-নির্ভর দলগুলির প্রশিক্ষণের চাহিদা কিছু আছে কি না ?
ছ : বিভিন্ন বিভাগের সম্প্রসারিত কর্মসূচীগুলির অন্তর্ভূক্ত জীবিকা অর্জনের সুযোগগুলিতে স্ব-নির্ভর দলগুলির আগ্রহ ;
জ : স্ব-নির্ভর দলগুলি কি কি সামাজিক কার্যসূচীগুলি রূপায়ণ বা অংশগ্রহন করেছেন ;
ঝ : অর্থনৈতিক কর্মসূচী রূপায়ণের জন্য পরিকাঠামোগত সুবিধার প্রয়োজনীয়তা;

এই আদেশনামার সংযুক্ত ১নং সারণী মোতাবেক একটি প্রতিবেদনে গ্রামপঞ্চায়েত স্তরে মাসিক সভায় প্রাপ্ত অগ্রগতির বিবরন প্রতিমাসে পঞ্চায়েত সমিতিতে পাঠিয়ে দিতে হবে । কোন গ্রাম পঞ্চায়েত যদি এখন এত বিশদ তথ্য সংকলন করতে পারেন তাহলে তারা ২নং সারণী মোতাবেক রিপোর্ট দেবেন। তবে সংঘ গঠন হওয়ার শুরু থেকে অবশ্যই ২নং সারণী অনুযায়ী রিপোর্ট দিতে হবে ।

**৪. স্ব-নির্ভর দলে অন্তর্ভূক্তির সময়কালীন কার্যাবলী নির্ব্বাচন :**

বর্তমানে সঞ্চয় সংক্রান্ত কাজকর্ম দিয়ে দল গঠনের কাজ শুরু করা হয় । যদিও যে সমস্ত দলের সদস্যদের সঞ্চয় চাঁদা দেবার সামর্থ আছে তাদের পক্ষে এই কাজটি খুবই ফলপ্রসু হয়ে থাকে তবুও প্রায়শঃ দরিদ্রতম পরিবারগুলির মহিলা সদস্যদের এই কর্মসূচীতে যুক্ত হওয়া খুবই কঠিন হয়ে পড়ে । এইরূপ দরিদ্রতম পরিবারগুলিকে চিহ্নিত করার পর এইরূপ পরিবারভূক্ত সদস্যদের গ্রাম পঞ্চায়েতগুলিতে চলতি মজুরী ভিত্তিক কর্মসংস্থান প্রকল্পে কিছু কাজের ব্যবস্থা করার পাশাপাশি তাদের দল গঠন এবং সঞ্চয়ের প্রয়োজনীয়তার বিষয়ে অবহিত করবেন । প্রকৃতপক্ষে মজুরী ভিত্তিক কর্মসংস্থান প্রকল্পে কাজের ব্যবস্থা করা এবং দল গঠন করার কাজ একই সঙ্গে যদি করা যায় তাহলে খুবই উপযোগী হবে ।

**৫. গ্রামপঞ্চায়েত সহায়ক দল প্রতিষ্ঠা :**

গ্রামপঞ্চায়েত স্তরের কর্মীবর্গ কর্তৃক স্ব-নির্ভর দলগুলিকে দেখভাল করার জন্য গ্রামপঞ্চায়েত স্তরে একটি সম্পদকর্মী দল গঠন করতে হবে । এই দলে অঞ্চল উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও) মনোনীত দুই জন গ্রামপঞ্চায়েতের সক্রিয় সদস্য এবং দুই জন দল নেতা/নেত্রী থাকবেন । যেখানে সংঘ (ক্লাষ্টার) গঠন সম্পূর্ণ হয়ে গেছে সেখানে এই মনোনয়ন সংঘের মধ্য থেকেই করতে হবে । নারী ও শিশু উন্নয়ন উপসমিতির সঞ্চালিকা এই দলের নেত্রী হবেন এবং সংশ্লিষ্ট গ্রামপঞ্চায়েত এলাকায় কর্মরত এন.জি.ও দের প্রতিনিধি, সুসংহত অঞ্চল উন্নয়ন কর্পোরেশন (সি.এ.ডি.সি) এর গ্রামকর্মী যদি কেউ থাকেন, এবং স্থানীয় ভাবে প্রাপ্য অনুরূপ সম্পদকর্মীদের এই দলে যুক্ত করতে হবে । এই দল গ্রামপঞ্চায়েত স্তরের কর্মীদের স্ব-নির্ভর দলের দেখভাল করার ক্ষেত্রে সহায়তা করার পাশাপাশি স্ব-নির্ভর দলগুলির সঙ্গে নিয়মিত আলাপাআলোচনাও করবে ।

**৬. গ্রামপঞ্চায়েত স্তরে স্ব-নির্ভর দলের গুচ্ছ দলগঠন**

গ্রামপঞ্চায়েতগুলি স্ব-নির্ভর দলের সংঘ গঠনের জন্য দায়বদ্ধ থাকবেন । সংঘ গঠন সংক্রান্ত নির্দ্দেশিকা ইতিমধ্যেই পৃথকভাবে প্রকাশিত হয়েছে এবং জেলাস্তরের আধিকারিকবৃন্দকে নদীয়া জেলার কল্যানীতে অবস্থিত রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা (এস.আই.পি.আর.ডি)তে সংঘ গঠন বিষয়ে প্রশিক্ষন দেওয়া হচ্ছে । ডি.আর.ডি.সেল গুলি ব্লক এবং গ্রামপঞ্চায়েত স্তরের কর্মীবর্গকে সংঘ গঠন সংক্রান্ত প্রতিটি ধাপ ঠিক মত বোঝার জন্য প্রশিক্ষন দেওয়ার পাশাপাশি একটি তদারকি ব্যবস্থাও চালু করবেন । স্ব-নির্ভর সংঘের জীবিকা অর্জনের বিষয় সংক্রান্ত একটি পৃথক প্রশিক্ষন কর্মসূচী সংগঠিতও করতে হবে যাতে তারা সম্প্রসারন কর্মী হিসাবে কাজ করতে পারেন। তবে সংঘ গঠনের ক্ষেত্রে খুব তাড়াহুড়ো করার দরকার নেই কারন এতে সংস্থার গুনগতমান লঘু হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে ।

**৭. স্ব-নির্ভর দলগুলিকে গ্রামপঞ্চায়েতের উন্নয়ন কর্মসূচীতে যুক্ত করা :**

স্ব-নির্ভর দলগুলিকে মজুরী ভিত্তিক কর্মসংস্থান প্রকল্পের অর্থ খরচ করার জন্য ব্যবহার করা, এস.জি.আর.ওয়াই প্রকল্পের ক্ষেত্রে তপশিলী জাতি/উপজাতির উপভোক্তাদের জন্য বরাদ্দ অর্থ স্ব-নির্ভর দলের কাছে প্রদান করা সম্পর্কিত নির্দ্দেশনামা ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে । স্ব-নির্ভর দলগুলিকে জাতীয় কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের কাজেও ব্যবহার করা যাবে - এই ব্যাপারে বিস্তারিত নির্দ্দেশিকা খুব শীঘ্রই প্রকাশ করা হবে । গ্রামপঞ্চায়েত সহায়ক দলকে এই মর্মে সুনিশ্চিত করতে হবে যে এস.জি.আর.ওয়াই এবং জাতীয় কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের সুবিধাগুলি স্ব-নির্ভর দলের কাছে বিশেষতঃ যাদের সঞ্চয় সম্পর্কিত কার্যাবলী করার ক্ষেত্রে সহযোগিতা পাওয়া দরকার তাদের কাছে পোঁছে যাচ্ছে । এছাড়াও জনউদ্যোগে জনস্বাস্থ্য, মিড্-ডে মিল ইত্যাদি কর্মসূচীতে স্ব-সনির্ভর দলকে কাজে লাগানো হচ্ছে এবং সেজন্য এবং দায়িত্বগুলি সফলভাবে পালন করার জন্য তাদের দক্ষতাবৃদ্ধির দিকগুলি দেখতে হবে ।

**৮. প্রশিক্ষনের চাহিদা ও স্ব-নির্ভর দলের পরিকাঠামো সুবিধার চাহিদা :**

গ্রামপঞ্চায়েত সহায়ক দল উল্লিখিত চাহিদাগুলি চিহ্নিত করার জন্য দায়বদ্ধ থাকবেন এবং নির্দ্দিষ্ট বিষয়গুলি প্রতিমাসের চতুর্থ শনিবার অথবা জেলাগুলিতে নির্দ্ধারিত দিনে অনুষ্ঠিতব্য গ্রামপঞ্চায়েতস্তরের সভায় আলোচনা করবেন । গ্রামপঞ্চায়েতগুলি প্রশিক্ষন প্রদান সংক্রান্ত বিষয়ে ব্লক/ডি.আর.ডি.সি অথবা অন্য সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করবেন এবং তাদের পক্ষে যতটুকু পরিকাঠামোগত সুবিধা দেওয়া সম্ভব সেটি প্রদান করবেন এবং এটাও দেখবেন যে অবশিষ্ট বিষয়গুলি পঞ্চায়েত সমিতি এবং ডি.আর.ডি.সেলের কাছে প্রদেয় প্রতিবেদনে ঠিক ঠাকভাবে প্রতিফলিত হয়েছে । গ্রামের অব্যবহৃত জমি, অব্যবহৃত জল সম্পদ, পরিকাঠামোগত সুবিধার আওতায় পরবে এবং গ্রামপঞ্চায়েতগুলি লিজ অথবা অন্য কোন ব্যবস্থার স্ব-নির্ভর দলকে এইগুলি প্রত্যর্পন করতে পারবেন যাতে তারা এই সব সম্পদগুলি থেকে কিছু আয় করতে পারেন । গ্রামপঞ্চায়েতগুলিকে এই বিষয়ে তাদের নিঃশর্ত তহবিলের অর্থ ব্যবহার করার জন্য উৎসাহিত করতে হবে ।

আপনার বিশ্বস্ত

(মানবেন্দ্র নাথ রায়)
সচিব

**সারণী ১**

**স্ব-নির্ভর দল সম্পর্কিত মাসিক প্রতিবেদন**
**(যেসব গ্রাম পঞ্চায়েত স্বনির্ভর দলের সংঘ গঠন হয়নি)**
**(গ্রামপঞ্চায়েতগুলি পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে জমা দেবেন)**
**সারণী ১**

১) গ্রামপঞ্চায়েতে সমস্ত রকম স্ব-নির্ভর দলের মোট সংখ্যা :

২) দলের মোট সঞ্চয় (চক্রবৃদ্ধি হিসাবে) -----------------

৩) কতগুলি দল গ্রেড-১ উত্তীর্ন হয়েছে (কেবলমাত্র এস.জি.এস.ওয়াই দলের ক্ষেত্রে প্রযোজ্য)--------------

৪) কতগুলি দলের ক্যাশ ক্রেডিট এ্যাকাউন্ট খোলা হয়েছে এবং মোট সীমার পরিমান কত ?

৫) --------------- কতগুলি দল ক্যাশ ক্রেডিট থেকে ঋণ নিয়েছেন এবং ঋণের মোট পরিমাণ কত ?

৬) কতজন সদস্য দলের কাছ থেকে ঋণ নিয়েছেন (ক) এই মাসে ------------------- (খ) চক্রবৃদ্ধি হিসাবে --------------------

৭) কতজন গ্রুপ সদস্যকে অর্থনৈতিক কর্মসূচীতে যুক্ত করা হয়েছে (ক) কর্মসূচীর নাম ---------------------- (খ) কয়টি স্ব-নির্ভর দল ---------------------- (গ) কতজন সদস্য ---------------------

৮) স্ব-নির্ভর দলগুলি কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন (ক) ব্যাংক সম্পর্কিত (খ) স্ব-নির্ভর দল সম্পর্কিত (গ) অন্যকিছু

৯) কি কি পরিকাঠামো নির্মাণ করা প্রয়োজন ---------------------

সারণী ২

**স্ব-নির্ভর দল সম্পর্কিত মাসিক প্রতিবেদন**
**(যে সব গ্রাম পঞ্চায়েতে স্বনির্ভর দলের সংঘ গঠিত হয়েছে)**
**(গ্রামপঞ্চায়েতগুলি পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে জমা দেবেন)**
**সারণী ২**

১) গ্রামপঞ্চায়েতে সমস্ত রকম স্ব-নির্ভর দলের মোট সংখ্যা :

১ক) তার মধ্যে স্বর্নজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনায় গঠিত দলের সংখ্যা কত :

২) সদস্য সংখ্যা----------------------- (ক) স্ত্রী -------------------- (খ) পুরুষ -----------------

৩) দলের মোট সঞ্চয় (চক্রবৃদ্ধি হিসাবে) -----------------

৪) দলপিছু গড় সঞ্চয় (চক্রবৃদ্ধি হিসাবে) -------------------

৫) কতগুলি দল গ্রেড-১ উত্তীর্ন হয়েছে (কেবলমাত্র এস.জি.এস.ওয়াই দলের ক্ষেত্রে প্রযোজ্য)----------------

৬) কতগুলি দল গ্রেড-২ উত্তীর্ন হয়েছে (কেবলমাত্র এস.জি.এস.ওয়াই দলের ক্ষেত্রে প্রযোজ্য)----------------

৭) কতগুলি দলের ক্যাশ ক্রেডিট এ্যাকাউন্ট খোলা হয়েছে এবং মোট সীমার পরিমান কত ?---------------

৮) কতগুলি দল ক্যাশ ক্রেডিট থেকে ঋণ নিয়েছেন এবং ঋণের মোট পরিমাণ কত ?---------------------

৯) কতজন সদস্য দলের কাছ থেকে ঋণ নিয়েছেন (ক) এই মাসে ------------------- (খ) চক্রবৃদ্ধি হিসাবে --------------------

১০) আভ্যন্তরিন ঋণ প্রদানের পরিমান (ক) এইমাসে -------------------- (খ) চক্রবৃদ্ধি হিসাবে ------------

১১) কয়টি স্ব-সহায়ক দলকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে (ক) এই মাসে --------------- (খ) চক্রবৃদ্ধি হিসাবে -- -------------

১২) কতজন সদস্যের প্রশিক্ষন প্রয়োজন (ক) সংখ্যা --------------- (খ) ক্ষেত্র -----------------

১৩) কতজনকে গ্রুপ ম্যানেজমেন্ট এবং বুক কিপিং বিষয়ে প্রশিক্ষন দেওয়া হয়েছে (ক) এইমাসে ------------ ------ (খ) চক্রবৃদ্ধি হিসাবে --------------------

১৪) কতজন গ্রুপ সদস্যকে অর্থনৈতিক কর্মসূচীতে যুক্ত করা হয়েছে (ক) কর্মসূচীর নাম -------------------- --- (খ) কয়টি স্ব-সহায়ক দল ---------------------- (গ) কতজন সদস্য ---------------------

১৫) প্রতি গ্রুপের গড় আয় ---------------------

১৬) স্ব-সহায়ক দলগুলি কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন (ক) ব্যাংক সম্পর্কিত (খ) স্ব-সহায়ক দল সম্পর্কিত (গ) অন্যকিছু

১৭) কি কি পরিকাঠামো নির্মাণ করা প্রয়োজন ---------------------